

বার্ষিক উদ্ভাবন প্রতিবেদন ২০১৮-১৯

১। স্বাস্থ্য সচেতনতা বিষয়ক উদ্ভাবনী উদ্যোগঃ

কর্মব্যস্ত জীবনে মানসিক ও শারীরিক সমস্যাকে দূরে ফেলে কাজের মাধ্যমে প্রতিষ্ঠান ও জনগণকে সেবা প্রদান।

কর্মব্যস্ত জীবনে বেড়েছে কাজের চাপ। এর সঙ্গে বেড়েছে মানসিক চাপও। যাকে আমরা বলি স্ট্রেস। এছাড়া দাপ্তরিক কাজের ব্যস্ততার কারণে চাকুরীজীবীদের শারীরিক পরিশ্রমও কম হয় এবং খাদ্যাভ্যাস এর প্রতিও যত্নবান কম হন। এ সকল কারণে হৃদরোগ , ডায়াবেটিস, উচ্চ রক্তচাপের মতো কঠিন সব অসংক্রামক ব্যধির আশংকা অনেক অংশে বেড়ে যায়।

শরীর চর্চা, ব্যায়াম, খাদ্যাভ্যাস এর মাধ্যমে এ অবস্থা থেকে মুক্তি পাওয়া যেতে পারে। আমরা কম বেশি এই বিষয়ে অবগত হলেও দাপ্তরিক কাজের ব্যস্ততার কারণে তা অনেক সময় হয়ে করা হয়ে উঠে না বলে আমরা মনে করি। এ কারণে প্রতিদিন সকালে সকল কর্মকর্তা/কর্মচারীগণ অফিসে আসার পর একটা নির্ধারিত সময়ে ব্যায়াম ও কিছু শরীর চর্চা করবে। এ বিষয়ে একজন ফোকাল পার্সন কাজ করছেন। যিনি মাঝে মাঝে প্রত্যেক কর্মকর্তা /কর্মচারীকে শরীর চর্চা , ব্যায়াম, খাদ্যাভ্যাস বিষয়ে সচেতন ও পরামর্শ প্রদান করবেন, বিএমআই (BMI) বা বডি মাস ইনডেক্স (স্থূলতা সমস্যা ভুগছেন কিনা তার পরিমাপ পদ্ধতি), উচ্চ রক্তচাপ পরীক্ষা, স্বাস্থ্য বিষয়ক টিপস এবং যাবতীয় রুটিন চেকআপের জন্য পরামর্শ প্রদান করতে পারেন। এছাড়াও মাসে অন্তত একবার একজন চিকিৎসক মন্ত্রণালয়ের কর্মকর্তাদের উচ্চ রক্তচাপ, বিএমআই সহ প্রয়োজনীয় পরীক্ষা করবেন।

চালুকরণের তারিখঃ ১১/০৩/২০১৯

উক্ত উদ্ভাবনী উদ্যোগ মন্ত্রণালয়ে চালু করা হয়েছে এবং আওতাধীন দপ্তর সমূহে চালু করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

এই উদ্যোগ এর ফলে কি উপকার/উন্নয়ন হয়েছেঃ এর মাধ্যমে একজন কর্মকর্তা কর্মব্যস্ত জীবনেও সফল ও সুন্দরভাবে সকল মানসিক ও শারীরিক সুস্থতার মাধ্যমে প্রতিষ্ঠান ও জনগণকে সেবা প্রদান করতে পারবেন।



স্বাস্থ্য সচেতনতা বিষয়ক উদ্ভাবনী উদ্যোগ

২। প্রতিষ্ঠানের পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান

আমরা নিজ কর্মস্থল অনেক সময় পরিষ্কার পরিচ্ছন্ন রাখিনা যা একটি প্রতিষ্ঠানের সুষ্ঠু কাজের অন্তরায় এবং অনেক ক্ষেত্রে প্রতিষ্ঠানের ভাবমূর্তিও ক্ষুন্ন হয়।

নিজ কর্মস্থল পরিষ্কার পরিচ্ছন্নতার জন্য সাপ্তাহিক /মাসিক পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান চলবে যেখানে প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা কর্মচারী অফিসের নির্দিষ্ট একটা সময় এই অভিযানে অংশগ্রহণ করবেন। এছাড়াও প্রতিষ্ঠানের সকলের নিজেদের ডেস্ক /ফাইলপত্রাদি যাতে সুন্দরভাবে সন্নিবেশিত করা যায় সে বিষয়েও পদক্ষেপ নেয়া এবং এক্ষেত্রে ক্ষুদ্র ক্ষুদ্র উদ্ভাবনও করা যেতে পারে। এ সকল কাজের সার্বিক সমন্বয়ের জন্য প্রতিষ্ঠানের একজন ফোকাল পার্সন কাজ করছেন।

চালুকরণের তারিখঃ ১০/০৩/২০১৯

উক্ত উদ্ভাবনী উদ্যোগ মন্ত্রণালয়ে চালু করা হয়েছে এবং আওতাধীন দপ্তর সমূহে চালু করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

এই উদ্যোগ এর ফলে কি উপকার/উন্নয়ন হয়েছেঃ নিজ কর্মস্থল পরিষ্কার পরিচ্ছন্নতা রাখার ফলে একটি সুন্দর কর্মপরিবেশ সৃষ্টি হয়েছে।



প্রতিষ্ঠানের পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান